বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী – আগ্রহী পক্ষ

প্রশ্ন	উত্তর
1. আগ্রহী পক্ষ কাকে বলে?	করোনার আইন (Coroners Act) 2006 এর অধীনে, মারা গেছেন এমন কোনো ব্যক্তির নিকটাত্মীয় পরিবারের তদন্ত সম্পর্কিত কিছু সিদ্ধান্তের বিষয়ে অবহিত থাকার এবং তাতে জড়িত থাকার অধিকার রয়েছে। আগ্রহী পক্ষ অন্যান্য এমন ব্যক্তি বা সংস্থাগুলো হতে পারে যাদের বিষয়ে করোনার মনে করেন যে তাদেরও তদন্তটির ক্ষেত্রে বিশেষ আগ্রহ রয়েছে। তাদের আগ্রহ সাধারণ জনগণের একজন সদস্যের চেয়ে বেশি বা আলাদা হওয়া দরকার।
2. আমি যদি 2019-এর ক্রাইস্টচার্চ মসজিদে হামলার করোনিয়াল তদন্তে একজন আগ্রহী পক্ষ হই তবে কী হবে?	আপনি যদি তদন্তের একজন আগ্রহী পক্ষ হন তবে আপনি আক্রমণ সম্পর্কিত আরও বিশদ জানতে অনুরোধ করতে পারেন এবং প্রসিকিউশন প্রক্রিয়া বা রয়্যাল কমিশন অব ইনকোয়ারির দ্বারা সমাধান করা হয়নি বলে আপনি মনে করেন এমন সমস্যা বা উদ্বেগগুলোর বিষয়ে আমাদের জানাতে পারেন। তথ্যের জন্য কোনো অনুরোধ এবং সমস্যা ও উদ্বেগগুলো করোনিয়াল এখতিয়ারের মধ্যে পরতে হবে। করোনারের আদালত সম্পর্কে আরও জানার জন্য আপনি করোনিয়াল পরিষেবার ওয়েবসাইট https://coronialservices.justice.govt.nz/about/ এর পৃষ্ঠাগুলো দেখতে পারেন এছাড়াও, মুখ্য করোনার তার তদন্তের সময় যেকোনো গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে সমস্ত আগ্রহী পক্ষকে আনুষ্ঠানিকভাবে অবহিত করবেন, যেমন কোনো ইনকোয়ারি শুরু বা সম্পন্ন হলে এবং কোনো ইনকোয়ারির ফলাফলের বিষয়ে। প্রক্রিয়াটির পরবর্তীকালে, যদি তদন্তের শুনানি হয় তবে আগ্রহী পক্ষগুলোকে তার তারিখ, সময় এবং অবস্থানের বিষয়ে অবহিত করা হবে। আগ্রহী পক্ষগুলোর যেকোনো তদন্তে জড়িত থাকার সুযোগ হতে পারে।
3. আমি কি আগ্রহী পক্ষ হিসাবে নিবন্ধিত না হলেও করোনিয়াল তদন্তে কী ঘটছে তা জানতে পারি?	হ্যাঁ। আপনি মসজিদ হামলার ওয়েবসাইট www.coronialservices.justice.govt.nz/masjid-attacks-coronial-process এর পৃষ্ঠাগুলোতে গিয়ে কী ঘটছে তা জানতে পারেন। প্রক্রিয়া চলাকালীন পৃষ্ঠাগুলো নিয়মিত আপডেট করা হবে।
4. আমি যদি শহীদদের পরিবারের একজন সদস্য হই এবং মুখ্য করোনার ইতোমধ্যে আমার সাথে যোগাযোগ করে থাকেন, তবে কি আগ্রহী পক্ষ	না, আপনার করার প্রয়োজন নেই।

প্রশ্ন	উত্তর
হওয়ার জন্য আমার নিবন্ধন করা প্রয়োজন?	
5. আমি যদি কোনো শহীদের পরিবারের একজন সদস্য হই এবং আমিও একজন গুলিবিদ্ধ-আহত ভিকটিম হই তবে কী ঘটবে? আমার কি আগ্রহী পক্ষ হিসাবে নিবন্ধন করা উচিত?	না। মুখ্য করোনার যদি ইতোমধ্যে আপনার সাথে যোগাযোগ করে থাকেন তবে আপনার আগ্রহী পক্ষ হিসাবে নিবন্ধন করার প্রয়োজন নেই।
6. আমি কীভাবে মসজিদ হামলার করোনিয়াল তদন্তে একজন আগ্রহী পক্ষ হতে পারি?	এটি আপনার পরিস্থিতির উপর নির্ভর করছে: • আপনি যদি শহীদদের পরিবারের একজন সদস্য হন এবং মুখ্য করোনার ইতোমধ্যে আপনার সাথে যোগাযোগ করে থাকেন তাহলে আপনার আগ্রহী পক্ষ হিসাবে নিবন্ধন করার প্রয়োজন নেই। • আপনি যদি হামলায় গুলিবিদ্ধ একজন ভিকটিম, বা একজন ভিকটিমের বাবা-মা হন তাহলে আপনি coronial.response@justice.govt.nz এ ইমেইল অথবা (09) 916 9151 নম্বরে টেলিফোন করার দ্বারা মুখ্য করোনারের অফিসে যোগাযোগ করে একজন আগ্রহী পক্ষ হিসাবে নিবন্ধন করতে পারেন। • অন্যান্য ব্যক্তি এবং সংস্থাগুলোর আগ্রহী পক্ষ হতে হলে তাদের আবেদন করতে হবে। মুখ্য করোনার আপনার আবেদন বিবেচনা করবেন এবং আপনাকে এর ফলাফল জানাবেন। কীভাবে আবেদন করবেন তা জানতে অনুগ্রহ করে মসজিদ হামলার ওয়েবসাইট www.coronialservices.justice.govt.nz/masjid-attacks-coronial-process এর পৃষ্ঠাগুলো দেখুন।
7. আমাদের মধ্যে একটি বড় দল রয়েছে যারা আগ্রহী পক্ষ হতে চায়। আমরা যদি চাই, আমরা কি একটি দল হিসাবে আবেদন করতে পারি?	হ্যাঁ, আপনারা পারেন। আপনাদের শুধু দলের একজন প্রতিনিধি চয়নের বিষয়ে নিজেদের মধ্যে একমত হতে হবে। তারপরে সেই ব্যক্তি আপনার দলের হয়ে আগ্রহী পক্ষ হিসাবে আবেদন করতে পারেন। আপনার প্রতিনিধি যখন আবেদন করবেন তখন তাদের ব্যাখ্যা করা উচিত: • যে তারা দলটির প্রতিনিধিত্ব করছেন • করোনিয়াল তদন্তে দলের আগ্রহের বিষয়ে। মুখ্য করোনার প্রতিনিধির আবেদন বিবেচনা করবেন এবং তাদের এর ফলাফল জানাবেন। কীভাবে আবেদন করবেন তা জানতে অনুগ্রহ করে মসজিদ হামলার ওয়েবসাইট www.coronialservices.justice.govt.nz/masjid-attacks-coronial-process এর পৃষ্ঠাগুলো দেখুন।

প্রশ্ন	উত্তর
8. গুলিবিদ্ধ-আহত ব্যক্তিদের নিয়ে একটি দল গঠিত হলে কী হবে? আমরা কি একটি দল হিসাবে নিবন্ধন করতে পারি?	হ্যাঁ, আপনারা পারেন। প্রত্যেক ব্যক্তিকে শুধু মুখ্য করোনারের অফিসকে জানাতে হবে যে তাদের প্রতিনিধি কে। আপনি coronial.response@justice.govt.nz এ ইমেইল করতে পারেন অথবা (09) 916 9151 এ টেলিফোন করতে পারেন। তারপরে সেই প্রতিনিধি, সমস্ত গুলিবিদ্ধ-আহত ব্যক্তিরা যারা তাকে মনোনীত করেছেন তাদের পক্ষে মুখ্য করোনারের কাছ থেকে আগ্রহী পক্ষের জন্য চিঠিপত্র পাওয়ার ব্যক্তি হতে পারেন।
9. আমি যদি আগ্রহী পক্ষ হিসাবে নিবন্ধন করি তবে কি আমি প্যানেলের একজন আইনজীবীর কাছ থেকে আইনী সহায়তা পেতে পারি?	এই পর্যায়ে, শহীদদের পরিবারগুলো আইন মন্ত্রক দ্বারা অর্থায়িত আইনজীবিদের সেবার জন্য অগ্রাধিকার পেয়েছে। যদি আপনি হামলায় বন্দুকের গুলিতে জখম হয়ে থাকেন এবং এই আইনী সহায়তায় অ্যাক্সেস পেতে চান তবে অনুগ্রহ করে মুখ্য করোনারের অফিসের সাথে coronial.response@justice.govt.nz এ ইমেইল করে বা (09) 916 9151 এ টেলিফোন করে যোগাযোগ করুন। অনুরোধগুলো কেসের ভিত্তিতে বিবেচনা করা হবে।
10. আমি কি প্রক্রিয়াটির যেকোনো পর্যায়ে আগ্রহী পক্ষ হতে আবেদন করতে পারি?	আপনি যদি আগ্রহী পক্ষ হতে আবেদন করতে চান তবে আমরা আপনাকে এখনই এটি করার পরামর্শ দেব। যদি আপনার আবেদন সফল হয় তবে এতে আপনি মুখ্য করোনারের কাছ থেকে তথ্যের জন্য অনুরোধ করার এবং আপনি যে বিষয় বা উদ্বেগগুলো প্রসিকিউশন প্রক্রিয়া বা রয়্যাল কমিশন অব ইনকোয়ারির রিপোর্ট দ্বারা সমাধান করা হয়নি বলে মনে করেন সেগুলো তাকে জানানোর সময় পাবেন। শহীদদের পরিবারগুলোর জন্য ইতোমধ্যে এই প্রক্রিয়া চলছে।